

## কানাডিয়ান শিক্ষাক্রম অনুযায়ী পরিচালিত স্কুলের যাত্রা শুরু

কাগজ প্রতিবেদক : বাংলাদেশে প্রথমবারের মতো কানাডিয়ান শিক্ষাক্রম অনুযায়ী শিক্ষা কার্যক্রম চালু করতে যাচ্ছে রাজশাহীর বনানীতে প্রতিষ্ঠিত কানাডিয়ান ইন্টারন্যাশনাল স্কুল।

ইতিমধ্যে ২০০৫-০৬ শিক্ষাবর্ষের জন্য 'আর্লি চাইল্ড হুড' থেকে 'গ্রেড-৩' পর্যন্ত ৩য় হয়েছে জর্ডি কার্যক্রম। ক্লাস শুরু হবে আগামী ২৫ আগস্ট থেকে। জর্ডি'ফি' ধরা হয়েছে ২০ হাজার থেকে ২৮ হাজার টাকা (শ্রেণীভেদে) প্রতিমাসে শ্রেণীভেদে বেতন ৫ হাজার থেকে ৯ হাজার পর্যন্ত।

গত বৃহস্পতিবার সাংবাদিকদের সাথে এক মতবিনিময় সভায় এসব কথা জানানো হয়। মতবিনিময় সভায় স্কুল-এ এর শিক্ষা কার্যক্রমের বিভিন্ন দিক ভুলে ধরেন প্রিন্সিপাল মিস সুজান টিবার্জ। উপস্থিত ছিলেন স্কুলের চেয়ারম্যান কামালউদ্দিন এবং পরিচালক বেগম শিরিন জাহান।

সুজান টিবার্জ বলেন, বর্তমান শিক্ষাবর্ষে গ্রেড-৩ পর্যন্ত চালু করা হলো। এরপর প্রতি শিক্ষাবর্ষে একটি করে শ্রেণী বর্ধিত করে ষাটশ শ্রেণী পর্যন্ত নিয়ে যাওয়া হবে এবং এখান থেকে গ্রেড-১২ অর্থাৎ ষাটশ শ্রেণী সম্পন্ন করার পর শিক্ষার্থীরা যেকোনো কানাডিয়ান, আমেরিকান, ব্রিটিশ, অস্ট্রেলিয়ানহ বিভিন্ন দেশের বিশ্ববিদ্যালয়ে জর্ডির সুযোগ পাবে। এছাড়া বাংলাদেশেও যেকোনো বিশ্ববিদ্যালয়ে জর্ডির সুযোগ পাবে ছাত্রছাত্রীরা। শিক্ষার মাধ্যম হবে ইংরেজি তবে কুরাসি এবং বাংলা দ্বিতীয় ভাষা হিসেবে শিক্ষা দেওয়া হবে।

কামালউদ্দিন জানানেন, ভবিষ্যতে আরো কয়েকজন কানাডিয়ান শিক্ষক এই স্কুলে যোগদান করবেন।

এদিকে নতুন এ শিক্ষা কার্যক্রম উপলক্ষে স্কুল প্রাঙ্গণে চলছে ৩ দিনব্যাপী পিতৃদের আনন্দ উৎসব। উৎসব চলবে শনিবার সন্ধ্যা ৬টা পর্যন্ত।